

3 Yr. Degree/4 Yr. Honours 1st Semester Examination, 2023 (CCFUP)

7337

Subject : Bengali

Course: BENG1021 (MINOR)

Time: 3 Hours

Full Marks: 60

*The figures in the right hand margin indicate full marks.
Candidates are required to give their answers in their own words
as far as practicable.*

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। নিম্নলিখিত যেকোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

- (ক) 'কমেডি' কাকে বলে?
- (খ) 'অভাগীর স্বর্গ' গল্পে অভাগীর শেষ দুটি ইচ্ছা কী কী ছিল?
- (গ) "কে না জানে অম্বুবিশ্ব অম্বু-মুখে সদ্যঃপাতি?"— কথাগুলির মর্মার্থ লেখো।
- (ঘ) "এখন আমরা লহো করুণা ক'রে"— কার, কখন এমন প্রার্থনা?
- (ঙ) "ক্ষেত্রমোহন ঝরঝর করিয়া অশ্রুপাত করিতে লাগিলেন"— ক্ষেত্রমোহনের অশ্রুপাতের কারণ কী?
- (চ) "ওর নাম মাদার ইন্ডিয়া"— এই মাদার ইন্ডিয়া কে?
- (ছ) বাংলা ভাষায় ব্যবহৃত 'জুয়ো' এবং 'হরতন' শব্দ দুটি কোন ভাষা থেকে আগত?
- (জ) 'অন্যত্রত' বলতে কী বোঝায়?
- (ঝ) 'বনলতা সেন' কবিতায় কবির প্রযুক্ত যে-কোনো দুটি স্থানের নাম উল্লেখ করো।
- (ঞ) 'নাট্যকাব্য' কাকে বলে? নাট্যকাব্যের একটি উদাহরণ দাও।
- (ট) "এ সত্যটা এখন ধরা পড়েছে যে, বাংলা ভাষা বাঙালির ভাষা নয়।"— এই বক্তব্যের সপক্ষে প্রাবন্ধিক যে যুক্তি উত্থাপন করেছেন তা লেখো।
- (ঠ) প্রবন্ধের দুটি বৈশিষ্ট্য লেখো।
- (ড) মন্বয় কবিতা বলতে কী বোঝায়?
- (ঢ) "ব্রত হচ্ছে মানুষের সাধারণ সম্পত্তি"— বিষয়টি বুঝিয়ে দাও।
- (ণ) বাংলা ভাষায় রচিত দুটি সাহিত্যিক মহাকাব্যের নাম লেখো।

২। যেকোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

- (ক) সংক্ষেপে ছোটগল্প এবং উপন্যাসের পার্থক্যগুলি লেখো।
- (খ) “এই ঘন্টা দুয়েকের অভিজ্ঞতায় সংসারে, সে যেন একেবারে বুড়া হইয়া গিয়াছিল।”— গল্পটির কাহিনি-সাপেক্ষে প্রসঙ্গটির পরিচয় দাও।
- (গ) “আমি ক্লান্ত প্রাণ এক”— কোন কবিতার অংশ? এই অংশটির তাৎপর্য বিশ্লেষণ করো।
- (ঘ) ‘আমাদের ভাষা-সংকট’ প্রবন্ধে বাংলা ভাষার যে সংকটের প্রসঙ্গ আলোচিত হয়েছে তা প্রবন্ধ অনুসরণে তুলে ধরো।
- (ঙ) ‘রসময়ীর রসিকতা’ অবলম্বনে রসময়ী চরিত্রটি বিশ্লেষণ করো। গল্পটির লেখক কে?
- (চ) ‘গীতিকবিতা’ সংরূপটির বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে তুলে ধরো। ‘এলিজি’ কী?

৩। নীচের প্রশ্নগুলির থেকে যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

- (ক) ‘বাংলার ব্রত’ প্রবন্ধ অবলম্বনে ‘কুমারী ব্রত’গুলির পরিচয় দাও। ‘শাস্ত্রীয় ব্রত’ বলতে কী বোঝায়?
- (খ) নাটক কী? সাহিত্য সংরূপ হিসেবে ‘নাটক’-এর বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ তুলে ধরো।
- (গ) ‘আমার কৈফিয়ৎ’ কবিতায় কবির বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ এবং কবির কৈফিয়তের পরিচয় দাও।
- (ঘ) পরশুরাম কোন সাহিত্যিকের ছদ্মনাম? ‘চিকিৎসা সংকট’ গল্প অবলম্বনে হাস্যরসের সৃজনে পরশুরামের দক্ষতার পরিচয় দাও।